

যুগান্তর

নীলফামারীতে উপাধ্যক্ষ নিয়োগে অনিয়ম

প্রকাশ : ২৫ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 নীলফামারী প্রতিনিধি

নীলফামারীতে সরকারি কলেজে বিধিবহির্ভূতভাবে মীরগঞ্জ কলেজের উপাধ্যক্ষ পদের নিয়োগ পরীক্ষা সম্পন্ন করেছে ডিজি প্রতিনিধি। শনিবার দুপুরে জেলার জলঢাকা উপজেলার মীরগঞ্জ ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ পদের নিয়োগ পরীক্ষায় চারজন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। পরীক্ষায় বিধি অনুযায়ী একটি স্থানীয় পত্রিকা ও একটি জাতীয় পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের বিধান থাকলেও এ বিধিকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে কলেজ কর্তৃপক্ষ ২৪ ও ২৮ অক্টোবর ২০১৭ সালে দুটি জাতীয় পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে। স্থানীয় পত্রিকায় প্রকাশ না হওয়ায় উক্ত পদে এলাকার অনেকে আবেদন করার সুযোগ পাননি। কলেজ কর্তৃপক্ষের পছন্দের ব্যক্তিকে নিয়োগ দেয়ার স্বার্থে বিজ্ঞপ্তি প্রকাশের পত্রিকাগুলো এলাকার বহুল প্রচারিত না হওয়ায় শুধু ওই চারজনকে জানিয়ে আবেদন করার সুযোগ দেয়া হয়। পরীক্ষায় অংশ নেয়া চারজনের মধ্যে কমিটি মনোনীত জিকরুল হককে উপাধ্যক্ষ পদে নিয়োগ দেয়ার জন্য অপর তিনজনকে প্রস্তুি পরীক্ষা দেয়ার জন্য আবেদন করানো হয় মাত্র। যাদের পরীক্ষার সব খরচ কলেজ কর্তৃপক্ষ বহন করে। বিধিবহির্ভূতভাবে উপাধ্যক্ষ পদের নিয়োগ পরীক্ষা সম্পন্ন করার ব্যাপারে নীলফামারী সরকারি কলেজের অধ্যক্ষ দেবী প্রসাদ রায় জানান, পত্রিকার বিষয়ে দেখা হয়নি। তবে পরীক্ষা নেয়া মানে নিয়োগ শেষ নয়। এ ব্যাপারে জেলা শিক্ষা কর্মকর্তা শফিকুল ইসলাম জানান, যেকোনো শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের জন্য বিধি মোতাবেক একটি জাতীয় ও একটি স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে, না হলে নিয়োগ প্রক্রিয়া সঠিক হবে না। বিধিবহির্ভূতভাবে উপাধ্যক্ষ পদের নিয়োগ বিষয়ে মীরগঞ্জ ডিগ্রি কলেজের অধ্যক্ষ বজলুর রশীদ বজু কোনো মন্তব্য করতে রাজি হননি।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।